



সংবাদপত্রের নাম: : দৈনিক স্বজন
প্রকাশনার স্থান : : ময়মনসিংহ
তারিখ : : ০৯.০৭.২০২৬

সংবাদ : :
সম্পাদকীয় : :
প্রবন্ধ/চিত্রপত্র : :

তারাকান্দায়র শশুরবাড়িতে স্ত্রীকে হত্যা, ঘাতকস্বামী পলাতক

রফিক বিশ্বাস : ঈদে শশুরবাড়ি বেড়াতে এসে স্ত্রীকে শ্বাসরোধে হত্যা করে ঘরের ভিতরে লাশ রেখে বাহির থেকে দরজার ছিটকারি দিয়ে ঘাতক স্বামী পালিয়ে গেছে। ঘটনাটি ঘটে, ময়মনসিংহের তারাকান্দা উপজেলার রামপুর ইউনিয়নের হিরারকান্দা গ্রামে শুক্রবার রাতে। পুলিশ ও এলাকাবাসী সূত্রে জানা গেছে, উপজেলার হিরারকান্দা গ্রামের আয়নুল হকের মেয়ে



হোসনেআরা বেগম (১৯)কে ঈদের ১০/১২ দিন পূর্বে তার বাবা বেড়াতে নিয়ে আসে ঈদের

পরদিন শুক্রবার হোসনেআরার স্বামী সূজন মিয়া (২৩) শশুর বাড়িতে বেড়াতে আসে গত শুক্রবার বিকালে উভয়ের মাঝে তুচ্ছ বিষয় নিয়ে কথাকাটাকাটি হয়।

হোসনেআরার পিতা মোঃ আয়নুল হক জানান, রাতের খাবার ধারার শেষে মেয়ে ও জামাই বারান্দার রোমে ঘুমাতে যায়। শনিবার ভোর মেয়ের মা আফছারা বেগম ঘুম থেকে উঠে দেখে বারান্দা দরজার ছিটকারী বাহির থেকে লাগানো। ডাকাডাকি করে কোন সারাশব্দ না পেয়ে দরজা খুলে মেয়ের লাশ দেখে (২য় পাতায় ৭ম কলাম দেখুন)

তারাকান্দায়র শশুরবাড়িতে

(১ম পাতার পর) ডাকচিৎকার করলে বাড়ির লোকজন লাশ দেখে পুলিশকে খবর দেয়। তারাকান্দা থানার অফিসার ইনচার্জ আবুল খায়ের জানান, সুরতহাল শেষের লাশ উদ্ধার করে থানা আনা হয়েছে। ময়না তদন্তের জন্য ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে মর্গে প্রেরণ করা হবে। এ বিষয়ে মামলার প্রস্তুতি চলছে। উল্লেখ্য গত এক বছর পূর্বে শেরপুর জেলার নকলা থানার পিপূরিয়া গ্রামের খাইরুল ইসলামের পুত্র সূজন মিয়ার সাথে হোসনেআরা বেগমের সামাজিক ভাবে বিয়ে হয়।



সংবাদপত্রের নাম: : দৈনিক স্বজন
প্রকাশনার স্থান : : ময়মনসিংহ
তারিখ : : ০৯.০৭.২০২৬

✓ সংবাদ : :
সম্পাদকীয় : :
প্রবন্ধ/চিত্রপত্র : :

তারাকান্দা চালককে অজ্ঞান করে সিএনজি ছিনতাই, ৪ সদস্য গ্রেপ্তার, সিএনজি উদ্ধার



রফিক বিশ্বাস : ময়মনসিংহের তারাকান্দায় চালককে অজ্ঞান করে সিএনজি ছিনতাই ঘটনায় ছিনতাই চক্রের চার সদস্যকে গ্রেফতার করেছে পুলিশ।

জানা গেছে, তারাকান্দা থানা অফিসার ইনচার্জ আবুল খায়েরের নির্দেশনায় মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই রায়হানুর রহমান ময়মনসিংহ ও নেত্রকোনা জেলার বিভিন্ন উপজেলায় অভিযান চালিয়ে আশুগঞ্জ জেলা ছিনতাই চক্রের এই চার সদস্যকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃতদের

৭
জুলাই(গুজুবাব), ময়মনসিংহে বিজ্ঞ আদালতে সোপর্দ করেছে পুলিশ। গ্রেফতারকৃত আসামিরা হলেন-ময়মনসিংহ জেলার ফুলবাড়িয়া থানার বোরকা নামাপাড়া গ্রামের জলি বাঁ-র পুত্র শফিকুল ইসলাম(৪৫), নেত্রকোনা জেলার কলমাকান্দা থানার লেহুগুরা চৈতন্যপুর গ্রামের কাশেম ওরফে - কাশেম মোল্লা, ময়মনসিংহের মুক্তাগাছা থানার লাহুগুরিয়া গ্রামের আজগর আলীর পুত্র মোঃ জালাল মিয়া(৪৫) ও ত্রিশাল থানার দরিরামপুর গ্রামের শিয়ারতুদ্দিনের পুত্র কামাল(৩০)। এ বিষয়ে মামলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তারাকান্দা থানা পুলিশের এসআই রায়হানুর রহমান জানান, গত ২৪ জুন তারাকান্দা থানাবীন কাকনী

বাসস্টেশন এলাকা থেকে চালককে নেশাদ্রব্য খাইয়ে অচেতন করে একটি সিএনজি ছিনতাই করে হয়। উক্ত ঘটনায় তারাকান্দা থানায় শেরপুর জেলার সদর থানাবীন হাজী মোহাম্মদ আবুল হোসেনের পুত্র মোহাম্মদ যুরকান আলী বাদি হয়ে মামলানং-১৮ রজু করেন। মামলা রজুর পর অফিসার ইনচার্জ আবুল খায়েরের নির্দেশনায় তদন্ত শুরু করেন তিনি। নিরবিচ্ছিন্ন তদন্ত কাজ শেষে জানতে পারেন, সংঘবন্ধ সিএনজি চোর চক্রের এই

সদস্যরা চালকে নেশাদ্রব্য খাইয়ে অজ্ঞান করে সিএনজিটি চুরি করে নিয়ে গেছে। এরপর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে তিনি ময়মনসিংহ ও নেত্রকোনা জেলার বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করে উক্ত আসামিদের গ্রেফতার করতে সমর্থ হন। তাদেরকে জিজ্ঞাবাদের পর আসামিদের নিয়ে বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করে মুক্তাগাছা থানার বাসাটি ইউনিয়ন পরিষদের কলমোহনা হতে ছিনতাই কৃত সিএনজিটি উদ্ধার করে পুলিশ।